



কেপ ভার্দেকে ৩-২ গোলে হারিয়ে শেষ ষোলোতে আর্জেন্টিনা



ছবি: সংগৃহীত

বিশ্বকাপের রাউন্ড অব ৩২-এ হাড্ডাহাড্ডি লড়াইয়ের পর কেপ ভার্দেকে ৩-২ গোলে হারিয়ে শেষ ষোলোতে জায়গা করে নিয়েছে বর্তমান বিশ্বচ্যাম্পিয়ন আর্জেন্টিনা। ম্যাচজুড়ে একাধিকবার সমতায় ফিরেও শেষ পর্যন্ত জয় তুলে নিতে পারেনি আফ্রিকার দলটি।

মিয়ামির হার্ড রক স্টেডিয়ামে শুরু থেকেই আক্রমণভাগে সক্রিয় ছিল আর্জেন্টিনা। যদিও প্রথম বড় সুযোগটি তৈরি করে কেপ ভার্দে। এরপর ২৯তম মিনিটে লিসান্দ্রো মার্তিনেজের লম্বা পাস থেকে বল নিয়ন্ত্রণে নিয়ে নিখুঁত শটে গোল করেন লিওনেল মেসি। সেই গোলে প্রথমার্ধ শেষ হয় আর্জেন্টিনার ১-০ ব্যবধানে এগিয়ে থেকে।

দ্বিতীয়ার্ধে ম্যাচে দারুণভাবে ফিরে আসে কেপ ভার্দে। ৫৯তম মিনিটে ডেরয় দুয়ার্তের গোলে সমতায় ফেরে দলটি। এরপর দুই দলই বেশ কয়েকটি সুযোগ পেলেও নির্ধারিত সময়ের বাকি অংশে আর কোনো গোল হয়নি। ফলে ম্যাচ গড়ায় অতিরিক্ত সময়ে।

অতিরিক্ত সময়ে আক্রমণের ধার বাড়ায় আর্জেন্টিনা এবং শেষ পর্যন্ত দুই গোল করে জয় নিশ্চিত করে। কেপ ভার্দেও একটি গোল শোধ দিলেও ব্যবধান ষোচানো সম্ভব হয়নি। ৩-২ ব্যবধানের এই জয়ে শেষ ষোলোর টিকিট নিশ্চিত করে আর্জেন্টিনা।

এই ম্যাচে গোল করে চলতি আসরে নিজের গোলসংখ্যা সাতে উন্নীত করেন মেসি। পাশাপাশি বিশ্বকাপে তার মোট গোল দাঁড়ায় ২০টি। নকআউট পর্বে ধারাবাহিক পারফরম্যান্সে আরও কয়েকটি ব্যক্তিগত মাইলফলকও স্পর্শ করেন আর্জেন্টাইন অধিনায়ক।